



দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/Fax- 8189029

স্মারক : ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২১.১৮. ১৮৯

তারিখ : ০৮/০৪/২০১৯খ্রিঃ

বিষয়ঃ সমিতিতে প্রকল্পের সকল আর্থিক লেনদেন বন্ধ রাখা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচির দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা কর্তৃক তাঁর আওতাধীন এলাকায় নিয়মিত মনিটরিং (সফটওয়্যার) এর মাধ্যমে বর্ণিত সমিতির বিগত বছরের ঋণ কার্যক্রম পর্যালোচনায় নিম্নোক্ত অসংগতিসমূহ প্রতীয়মান হয়েছে :

ক্র. নং	সমিতির নাম	অনিয়মের বিবরণ
০১	চরমল্লিকপুর উত্তরপাড়া মহিলা সমিতি (সমিতি আইডি:৪০২৮৫২-৫০)	সমিতির সদস্যগণ ঋণ গ্রহণের পর সাপ্তাহিক ভিত্তিতে কোন সঞ্চয় ও ঋণের কিস্তি পরিশোধ না করে মেয়াদের শেষ পর্যায়ে পরিশোধ করে থাকে অথবা অনেক ক্ষেত্রে নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করেন না। যা কর্মসূচির নীতিমালা বহির্ভূত। এর ফলে প্রতীয়মান হয় যে, সুফলভোগী সদস্যগণ আইজিএ ভিত্তিক কোন কর্মকান্ডে গৃহিত ঋণ ব্যবহার করেন না।

এমতাবস্থায়, মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্পের সফলতার ধারাবাহিকতা রক্ষার স্বার্থে কর্মসূচির নীতিমালা বিরোধী কার্যক্রমে জড়িত থাকায় উপরোক্ত সমিতিতে সকল প্রকার আর্থিক লেনদেন তথা ঋণ প্রদান বন্ধ রাখার জন্য নির্দেশক্রমে বলা হলো। নির্দেশনা অমান্যকারী কর্মকর্তা/কর্মচারী ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

মোহাম্মদ আতিকুর রহমান
উপপ্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৩

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
লোহাগড়া, নড়াইল।

সদয় অবগতির জন্য অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ-

১. মাঠ সংগঠক(ইরেসপো), বিআরডিবি, লোহাগড়া, নড়াইল।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৩. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা(ইরেসপো), বিআরডিবি, লোহাগড়া, নড়াইল।
৪. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৫. উপপরিচালক, বিআরডিবি, নড়াইল।
৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৭. প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৮. অফিস কপি/সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।